# ইন্দোনেশিয়ায় ভূমিকম্পে প্রাণহানি বেড়ে ২০




ছবি: সংগৃহীত

ইন্দোনেশিয়ার ফ্লোরেস এলাকায় শক্তিশালী ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে ২০ জনে পৌঁছেছে। শনিবার (১৫ আগস্ট) ভোরে ৭ দশমিক ৭ মাত্রার ভূমিকম্পটি আঘাত হানে। ভূমিকম্পের কেন্দ্র ছিল ভূপৃষ্ঠের মাত্র ১০ কিলোমিটার নিচে। এরপর ওই এলাকায় একাধিক কম্পন অনুভূত হয়েছে।

মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) জানিয়েছে, পূর্ব নুসা তেংগারা প্রদেশের এন্দে শহর থেকে প্রায় ৬৮ কিলোমিটার উত্তর-পশ্চিমে ছিল ভূমিকম্পটির কেন্দ্রস্থল।

স্থানীয় উদ্ধারকর্মীরা জানিয়েছেন, বিভিন্ন ক্ষতিগ্রস্ত স্থাপনা থেকে ২০ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় অন্তত ছয়জন আহত হয়েছেন। ধ্বংসস্তূপে কেউ আটকা পড়ে আছেন কি না, তা খতিয়ে দেখতে উদ্ধার অভিযান চালানো হচ্ছে।

ভূমিকম্পের পর সম্ভাব্য সুনামি নিয়ে সতর্কতা জারি করা হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পূর্বাভাস অনুযায়ী, পূর্ব নুসা তেংগারা, দক্ষিণ সুলাওয়েসি ও পশ্চিম নুসা তেংগারা প্রদেশের উপকূলে সুনামির আশঙ্কা ছিল। সম্ভাব্য ঢেউয়ের উচ্চতা শূন্য দশমিক ৫ মিটার থেকে ৩ মিটার পর্যন্ত হতে পারে বলে সতর্ক করা হয়েছিল।

LENS ASIA

ভূমিকম্পের কারণে স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ক্ষয়ক্ষতির পরিমাণ ও হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।